

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২৩-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) -এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সামসুল আরেফিন সচিব
সভার তারিখ	২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১২.৩০ টা
স্থান	সম্মেলনকক্ষে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য এ বিভাগের সিটিজেনস চার্টারের সমন্বয়ককে (উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখাকে) অনুরোধ করেন। সিটিজেনস চার্টারের সমন্বয়ক এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ও সিটিজেনস চার্টার সভায় উপস্থাপন করেছেন। উপস্থাপনান্তে সিটিজেনস চার্টারের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে দেখা যায় এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার আপডেট করা করা হয়েছে। পরিশেষে উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) এ বিভাগ ও দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেনস চার্টারের কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২৩-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) -এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

ক্রম. নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	আইসিটি বিভাগের অগ্রগতি	আইসিটি অধিদপ্তরের অগ্রগতি	বিসিসি'র অগ্রগতি	বিএইচটিপিএ'র অগ্রগতি	সিসিএ'র অগ্রগতি	ডিএসএ'র অগ্রগতি
১.	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	[১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	৪	১	১	১	১	১	১
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	[১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত/অবহিকরণ সভা আয়োজিত	৪	১	১	১	কার্যক্রম চলমান রয়েছে	কার্যক্রম চলমান রয়েছে	কার্যক্রম চলমান রয়েছে

৩.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	[২.১.১] সভা আয়োজিত/ প্রতিবেদন প্রেরিত	৪	১	১	১	কার্যক্রম চলমান রয়েছে	কার্যক্রম চলমান রয়েছে	কার্যক্রম চলমান রয়েছে
৫.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	[২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজিত/ বার্ষিক প্রতিবেদন প্রেরিত	১	কার্যক্রম চলমান রয়েছে					

(খ) সভার সিদ্ধান্ত: সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার কোয়ার্টার ভিত্তিক যথাসময়ে আপডেট করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে এ শাখায় প্রেরণ করতে হবে।	এ বিভাগ ও দপ্তর/সংস্থার ওয়েবসাইট হালনাগাদকারী কর্মকর্তা
২.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার লিংকবেজড সিটিজেনস চার্টার আরো জনবান্ধব করতে হবে।	এ বিভাগ ও দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার বিষয়ক কর্মকর্তা
৩.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেনস চার্টার কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে।	এ বিভাগ ও দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার বিষয়ক কর্মকর্তা
৪.	যে সকল দপ্তরের আওতাধীন অফিস নেই সে সকল দপ্তরকে প্রতি কোয়ার্টারে স্টেকহোল্ডার সভা আয়োজন করতে হবে।	দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার বিষয়ক কর্মকর্তা

(গ) অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩০-০৯-২০২৩

মোঃ সামসুল আরেফিন
সচিব

secretary@ictd.gov.bd

১৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১.৯২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ২। অনুবিভাগ প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৩। উপসচিব, রাজস্ব বাজেট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
- ৫। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।



০১-১০-২০২৩

এস. এম. শফিক
উপসচিব